

### শিক্ষাগণে সংঘটিত হত্যা মামলার রায় এই প্রথম

স্টাফ রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়  
বুয়েটসহ শিক্ষাগণে হত্যাকাণ্ডে সন্ত্রাসী  
কর্মকাণ্ডে ছাত্র-ছাত্রীদের নির্মমভাবে প্রাণ  
হারানোর ঘটনা নতুন নয়। কিন্তু উপযুক্ত  
সাক্ষ্য ও প্রমাণের অভাবে কোন মামলাই  
আলোর মুখ দেখেনি। সনি হত্যা  
মামলার রায়ের মধ্য দিয়ে এই প্রথম  
ক্যাম্পাসে সংঘটিত কোন হত্যা মামলার  
রায় হলো। প্রকৃতপক্ষে দ্রুত বিচার  
আইনের তালিকভুক্ত হওয়ায় সনি হত্যা  
মামলাটির বিচারকার্য অত্যন্ত দ্রুততার  
সাথে সম্পন্ন করা সম্ভব হয়েছে। অতীতে  
ঢাকা বিশ্ববিদ্যালয়ে বেশ কয়েকটি  
চাঞ্চল্য সৃষ্টিকারী হত্যাকাণ্ড ঘটেলেও  
রাজনৈতিক চাপ ও সঠিকভাবে তদন্ত না  
হওয়ায় সব কয়টি মামলাই ধামাচাপা  
পড়ে গেছে।